দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 22 1999
পৃঃ ... কলাম ...

412

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

# রেজিষ্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ৩ শতাধিক মনোনয়নপত্র পেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫জন রেজিষ্ট্রার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের জন্য গতকাল (বুধবার) মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে ৪টি পৃথক প্যানেল হইতে ৩ শতাধিক মনোনয়নপত্র জমা পড়িয়াছে। আগামী ৬ই মে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ৬ই জুন হইতে সারাদেশে এই নির্বাচন অনুষ্ঠিত হইবে। সারাদেশে রেজিষ্টার্ড গ্র্যাজুয়েটের সংখ্যা ৩১ হাজার ৪ শত। গতকাল আওয়ামী লীগ সমর্থকদের গণতান্ত্রিক ঐক্য পরিষদের মোট ৭৮ জন (১৫ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

(শেষ পৃঃ পর)

মনোনয়নপত্র জমা দিয়াছেন। বিএনপি সমর্থকরা ২৫টি পদে ২৫জনের নামে মনোনয়নপত্র জমা দিয়াছে। ইহাছাড়া বামপন্থী ও পেশাজীবী পৃথক প্যানেল হইতে মনোনয়নপত্র জমা দেন। আগামী ২৫শে এপ্রিল মনোনয়নপত্র বাছাই এবং ৯ই মে প্রার্থীদের চূড়ান্ত তালিকা ঘোষণা করা হইবে।

গণতান্ত্রিক ঐক্য পরিষদের এক সভা ২৩শে এপ্রিল সন্ধ্যা ৬টায় ১৭, এগিফেন্ট রোডে অনুষ্ঠিত হইবে।